# হাদীস সম্ভার

## হাদিস নাম্বারঃ ১৬১১

১৫/ দাওয়াত

পরিচ্ছেদঃ মঙ্গলের প্রতি পথ-নির্দেশনা এবং সৎপথ অথবা অসৎপথের দিকে আহবান করার বিবরণ

---

### আরবী

وَعَنْ أَنَسٍ أَنَّ فتىً مِنْ أَسلَمَ قَالَ : يَا رَسُولَ اللهِ إنِّي أُرِيدُ الغَزْوَ وَلَيْسَ معي مَا أتَجَهَّز بِهِ قَالَ ائت فُلَاناً فإنَّهُ قَدْ كَانَ تَجَهَّزَ فَمَرِضَ فَأَتَاهُ فَقَالَ: إنَّ رسولَ الله ﷺ يُقْرِئُكَ السَّلامَ وَيَقُولُ : أَعْطني الَّذي تَجَهَّزْتَ بِهِ فَقَالَ : يَا فُلَانَةُ أعْطِيهِ الَّذي تَجَهَّزْتُ بِهِ وَلا تَحْبسي مِنْهُ شَيئاً فَوالله لاَ تَحْبِسِين مِنْهُ شَيئاً فَيُبَارِكَ لَكِ فِيهِ رواه مسلم

### বাংলা

(১৬১১) আনাস (রাঃ) হতে বর্ণিত, আসলাম গোত্রের এক যুবক বলল, ’হে আল্লাহর রসূল! আমি জিহাদে যাবার ইচ্ছা করছি; কিন্তু আমার কাছে তার প্রস্তুতির সরঞ্জাম নেই।’ তিনি বললেন, তুমি অমুকের কাছে যাও। কেননা সে (জিহাদের জন্য) প্রস্তুতি নেওয়ার পর অসুস্থ হয়ে পড়েছে। সুতরাং সে (যুবকটি) তার নিকট এসে বলল, ’রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তোমাকে সালাম দিচ্ছেন এবং বলছেন যে, যে সরঞ্জাম তুমি (জিহাদের জন্য) প্রস্তুত করেছ, তা তুমি আমাকে দাও।’ অতএব সে (তার স্ত্রীকে) বলল, ’হে অমুক! আমি জিহাদের জন্য যে সরঞ্জাম প্রস্তুত করেছিলাম, তুমি সব একে দিয়ে দাও এবং তা হতে কোন জিনিস আটকে রেখো না। আল্লাহর কসম! তুমি তার মধ্য হতে কোন জিনিস আটকে রাখলে, তোমার জন্য তাতে বরকত দেওয়া হবে না।’

### ফুটনোট

(মুসলিম ৫০১০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=65359

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন